

কটিয়াদীতে ডা. আব্দুল মান্নান
 ৬৪ জেলায় মেডিকেল
 কলেজ করা সম্ভব

কটিয়াদী (কিশোরগঞ্জ) প্রতিনিধি •

আওয়ামী লীগের উপদেষ্টা বওলীর মনসুর ও সাংসদ ডা. আব্দুল মান্নান বলেন, আমাদের শিক্ষানীতির আনুল পরিবর্তন করা প্রয়োজন। শিক্ষানীতি হবে অভ্যন্তরীণ যুগোপযোগী। সারা বিশ্বের সঙ্গে যার তুলনা করা যায়। গরিব ও মেধাবী ছাত্রছাত্রীরা অতিরিক্ত ব্যয় নির্বাহ করতে না পারায় তারা চিকিৎসা বিজ্ঞানের শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে।

তিনি বলেন, আমি প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে একটি প্রস্তাব দিয়েছি। দেশের ৬৪টি জেলার হাসপাতালগুলোয় মেডিকেল কলেজ করে দিলে গরিব ও মেধাবী ছাত্রছাত্রীরা অল্প ব্যয়ে লেখাপড়া করতে পারবে। কারণ একটি জেলা হাসপাতালে যে ব্যয় হয়, তার সঙ্গে বরাদ্দ দিলেই একটি মেডিকেল কলেজ পরিচালনা করা সম্ভব হবে।

কিশোরগঞ্জের কটিয়াদী উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে গতকাল মঙ্গলবার নবনির্বাচিত উপজেলা চেয়ারম্যান ও ডাইস চেয়ারম্যানকে কর্মকর্তা-কর্মচারীদের দেওয়া এক সংবর্ধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য তিনি এনব করা বলেন। ইউএনও কাজী সাইফুল ইসলাম এতে সভাপতিত্ব করেন। বক্তব্য করেন উপজেলা চেয়ারম্যান মো. অসীম আকবর, নারী ডাইস চেয়ারম্যান রেজিনা খাতুন, জয়নাল আবেদীন, পীর মোরাদ হোসেন মেনন বস প্রমুখ।